



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ৭ জুলাই, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ৭ জুলাই, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এসিউরেস সেল (আইকিউএসি)-এর উদ্যোগে Students' Views for Quality Education বিষয়ে ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মিনি অডিটরিয়ামে সকাল ১০টায় ওয়ার্কশপ শুরু হয়। এতে ফুড ইঞ্জিনিয়ারিং এন্ড টি টেকনোলজি, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্স, ওশোনোগ্রাফি এবং ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

ওয়ার্কশপে প্রধান অতিথির বক্তব্যে ভাইস চ্যান্সেলর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, ভবিষ্যত জীবনে নিজেদেরকে সফল মানুষ হিসেবে দেখতে চাইলে তোমাদেরকে পরিশ্রম করতে হবে এবং সময়কে কাজে লাগাতে হবে। তোমাদেরকে মনে রাখতে হবে-অধ্যয়ন ও অধ্যাবসায় হচ্ছে সফলতার মূলমন্ত্র। মাত্র চারটি বছর পরিশ্রম ও কষ্ট করে ভাল অবস্থানে চলে যেতে পারলে পরবর্তিতে পুরো জীবনই আরামে কাটানো যাবে।

তিনি শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরো বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন সবকিছু করছে শুধুমাত্র শিক্ষার্থীদের জন্য। বিশ্ববিদ্যালয়ে সকল সুযোগ সুবিধা শুধুমাত্র তোমাদের কল্যাণের জন্য। ভবিষ্যতে আবাসন থেকে শুরু করে সকলক্ষেত্রে আরো সুবিধা বাড়ানো হবে। এসব কিছু পেছনে আমাদের একটাই লক্ষ্য-তোমরা যাতে ভাল মানুষ হও, ভাল করতে পার এবং ভবিষ্যত জীবন তোমাদের সুন্দর হয়। তবে মনে রাখতে, যারা বিশ্ববিদ্যালয়ের পরিবেশ নষ্ট করে তাদের ব্যাপারে কোন ছাড় নেই। তাই তোমারা বিশ্ববিদ্যালয়ের আচরণবিধি মেনে চলার ব্যাপারে শতভাগ যত্নবান হবে। র্যাগিং, মাদক, জঙ্গিবাদ, যৌনহয়রানি, কোর্স ড্রপ ইত্যাদি থেকে তোমাদের দূরে থাকতে হবে।

পরে ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শিক্ষার্থীদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষক সমিতির সভাপতি ও রসায়ন বিভাগের শিক্ষক প্রফেসর ড. এসএম সাইফুল ইসলাম।

আইকিউএসির পরিচালক প্রফেসর ড. মো. আশরফুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে কোঅর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর মোহাম্মদ আনোয়ার হোসেন।

রেজিস্ট্রার